

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৬৪

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

আজ ৩ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ত্রিপুরা সুন্দরী ফেস্টিভ্যালস ফ্লপ’ শিরোনামে প্রকাশিত সংবাদটি তথ্য ও সংস্কৃতি দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে জানানো হয়েছে, দেবীপঙ্কের সূচনায় গতকাল উদয়পুরের ত্রিপুরাসুন্দরী মন্দির কমপ্লেক্সে ত্রিপুরাসুন্দরী উৎসব অনুষ্ঠিত হয়। গোমতী জেলা প্রশাসন, মাতাবাড়ি ট্রাস্ট এবং গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। উদ্বোধনী অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় ছাড়াও বিশিষ্ট অতিথিগণ উপস্থিত ছিলেন। উৎসবে বৃষ্টি ও প্রাকৃতিক প্রতিকূলতা উপেক্ষা করে প্রচুর সংখ্যক দর্শক সমাগম হয়। উৎসবে রাজ্য ও বহিরাঙ্গের শিল্পীগণ অংশ নেন। ত্রিপুরাসুন্দরী উৎসব সাড়া জাগিয়েই সম্পন্ন হয়েছে। তাই দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত ত্রিপুরা সুন্দরী ফেস্টিভ্যালস ফ্লপ বলে যা বলা হয়েছে তা সঠিক নয়।

\*\*\*\*\*